

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ২, ২০১৫

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২০ মাঘ, ১৪২১/০২ ফেব্রুয়ারি, ২০১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২০ মাঘ, ১৪২১ মোতাবেক ০২ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখে
রাষ্ট্রপতির সমতিলাভ করিয়াছে এবং অতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :

২০১৫ সনের ০৩ নং আইন

**বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ এর
সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য প্রৱন্ধকল্পে বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন,
২০১০ (২০১০ সনের ৫৪ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ
বিধান) (সংশোধন) আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) এই আইন ৭ই অক্টোবর, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। ২০১০ সনের ৫৪ নং আইনের ধারা ১ এর সংশোধন।—বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি
(বিশেষ বিধান) আইন, ২০১০ (২০১০ সনের ৫৪ নং আইন) এর ধারা ১ এর উপ-ধারা (২) এ উল্লিখিত
“৪(চার) বৎসর” সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলির পরিবর্তে “৮(আট) বৎসর” সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলি প্রতিস্থাপিত
হইবে।

মোঃ আশরাফুল মকরুল
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্গালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮৫১)

মূল্য : টাকা ৮.০০